# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

## সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ১৮৭/২০১৭-১৮**

**ঢাকা, রোববার, ২৫ মার্চ ২০১৮, ১১ চৈত্র ১৪২৪**

**আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :**

১। নোয়াখালীর স্বর্ণদ্বীপ দেশের অর্থনীতিতে বড় অবদান রাখতে পারে : রাষ্ট্রপতি

২। গণহত্যা দিবস আজ

৩। প্রধানমন্ত্রী স্বাধীনতা পদক প্রদান করবেন আজ

৪। আগামীকাল দেশ-বিদেশে একযোগে জাতীয় সঙ্গীত পরিবেশন

৫। উন্নয়ন এবং শান্তির ধারা বজায় রাখতে বর্তমান সরকারের বিকল্প নেই : ভেড়ামারায় তথ্যমন্ত্রী

৬। উন্নয়নের ধারা অব্যাহত থাকলে বাংলাদেশ দ্রুত উন্নত দেশে রূপান্তরিত হবে : স্বরাষ্ট্রমন্ত্রী

৭। জাতিসংঘ মহাসচিবের সাথে পররাষ্ট্র প্রতিমন্ত্রীর বৈঠক
রোহিঙ্গাদের প্রত্যাবর্তনে আরো জোরালো ব্যবস্থা গ্রহণের অনুরোধ পররাষ্ট্র প্রতিমন্ত্রীর

৮। স্বাধীনতা দিবসে বঙ্গভবন ও বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে অনুষ্ঠান উপলক্ষে
রাজধানীর কয়েকটি সড়ক বন্ধ থাকবে : ডিএমপি

চলমান পাতা-২

**১।	নোয়াখালীর স্বর্ণদ্বীপ দেশের অর্থনীতিতে বড় অবদান রাখতে পারে : রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বলেছেন, পরিকল্পিত পদক্ষেপ নিলে স্বর্ণদ্বীপ জাতীয় অর্থনীতিতে বড় ধরনের অবদান রাখবে। আয়তনের দিক দিয়ে প্রায় সিঙ্গাপুরের সমান এবং সমুদ্রের সন্নিকটে এ দ্বীপকে সুন্দরভাবে সাজাতে পারলে ভবিষ্যতে এটি বাংলাদেশের জন্য আরেক সিঙ্গাপুর হয়ে যেতে পারে বলে আশাবাদ ব্যক্ত করেন তিনি। দ্বীপের চারপাশে বাঁধ দেওয়া দরকার বলেও মত দিয়েছেন তিনি। গতকাল (২৪ মার্চ শনিবার) নোয়াখালীর হাতিয়ায় সেনাবাহিনীর প্রশিক্ষণকেন্দ্র স্বর্ণদ্বীপ পরিদর্শনকালে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৬), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

**২।	গণহত্যা দিবস আজ**

আজ ২৫ মার্চ জাতীয় গণহত্যা দিবস, মানব সভ্যতার ইতিহাসে একটি কলঙ্কিত দিন। একাত্তরের অগ্নিঝরা ২৫ মার্চে বাঙালির জীবনে নেমে আসে নৃশংস, বীভৎস, ভয়ঙ্কর ও বিভীষিকাময় কালরাত্রি। এ রাতে বর্বর পাকবাহিনী 'অপারেশন সার্চলাইট'র নামে স্বাধীনতাকামী বাঙালির ওপর হিংস্র দানবের মতো ঝাঁপিয়ে পড়েছিল। আর এদিন বাঙালি জাতি তথা বিশ্ববাসী প্রত্যক্ষ করেছিল ইতিহাসের এক নৃশংস বর্বরতা। গত বছরের ১১ মার্চ জাতীয় সংসদে ২৫ মার্চ জাতীয় গণহত্যা দিবস পালনের প্রস্তাব সর্বসম্মতভাবে গৃহীত হওয়ার পর থেকেই দিনটি জাতীয় গণহত্যা দিবস হিসেবে পালিত হয়ে আসছে। পাক হানাদারবাহিনীর গণহত্যার স্মরণে এবং ২৫ মার্চ আন্তর্জাতিক গণহত্যা দিবসের স্বীকৃতির দাবিতে আজ রাত ৯টা থেকে ৯টা ১ মিনিট পর্যন্ত এক মিনিট বিদ্যুৎসহ সব ধরনের বাতি বন্ধ রেখে 'ব্ল্যাক-আউট' কর্মসূচি পালন করা হবে।

গণহত্যা দিবস উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। বাণীতে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বলেন, ২৫ মার্চের গণহত্যা শুধু বাংলাদেশেরই নয়, বিশ্বমানবতার ইতিহাসেও একটি কালো অধ্যায়। বাণীতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, ২৫ মার্চকে 'গণহত্যা দিবস' হিসেবে পালন প্রকৃতার্থে বাংলাদেশের মুক্তিযুদ্ধে ত্রিশ লাখ শহিদের আত্মাহুতির প্রতি জাতির চিরন্তন শ্রদ্ধার স্মারক এবং পাকিস্তানি হানাদারবাহিনীর নারকীয় হত্যাকাণ্ডের সাক্ষ্য হিসেবে বিবেচিত হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **সংবাদ** (পৃ.১,ক.৭), **অবজারভার** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.২)।

**৩।	প্রধানমন্ত্রী স্বাধীনতা পদক প্রদান করবেন আজ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ বছর স্ব স্ব ক্ষেত্রে অসামান্য অবদান রাখায় ১৮ জন বিশিষ্ট ব্যক্তিকে আজ ২৫ মার্চ রোববার স্বাধীনতা পদক-২০১৮ প্রদান করবেন। সকাল ১০টায় রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে দেশের সর্বোচ্চ বেসামরিক সম্মাননা স্বাধীনতা পদক প্রদান করা হবে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৩), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৩), **অবজারভার** (পৃ.১,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.৮)।

**৪।	আগামীকাল দেশ-বিদেশে একযোগে জাতীয় সঙ্গীত পরিবেশন**

আগামীকাল ২৬ মার্চ সোমবার সকাল ৮টায় বাংলাদেশসহ বিশ্বের সব দেশে একযোগে শুদ্ধসুরে জাতীয় সঙ্গীত পরিবেশিত হবে। বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে জাতীয় শিশু-কিশোর সমাবেশে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপস্থিতিতে জাতীয় সঙ্গীত পরিবেশন করা হবে। সারা দেশে ও বিদেশে একযোগে সবাইকে নিজ নিজ অবস্থান থেকে এ কর্মসূচিতে অংশগ্রহণের আহ্বান জানিয়েছে মন্ত্রিপরিষদ বিভাগ। এ উপলক্ষে গতকাল (২৪ মার্চ শনিবার) সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সচিব (সমন্বয় ও সংস্কার) এনএম জিয়াউল আলমের সভাপতিত্বে এক আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.১), **প্রথম আলো** (পৃ.২,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৮)।

**৫।	উন্নয়ন এবং শান্তির ধারা বজায় রাখতে বর্তমান সরকারের বিকল্প নেই : ভেড়ামারায় তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশ এগিয়ে যাচ্ছে। দেশ এখন উন্নয়নশীল দেশের কাতারে। উন্নয়ন এবং শান্তির ধারা বজায় রাখতে বর্তমান সরকারের বিকল্প নেই। দেশে নিয়মমতো নির্বাচন হচ্ছে। গণমাধ্যম বিকশিত হচ্ছে। অন্তর্ঘাতমূলক মানুষ পোড়ানোর অপরাজনীতিকে মোকাবিলা করে সাংবিধানিক ও গণতান্ত্রিক প্রক্রিয়া অব্যাহত রাখা সম্ভব হয়েছে। গতকাল (২৪ মার্চ শনিবার) কুষ্টিয়ার ভেড়ামারার সবুজকলি মাধ্যমিক বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৭,ক.১), **ইত্তেফাক** (পৃ.২,ক.৫)।

**৬।	উন্নয়নের ধারা অব্যাহত থাকলে বাংলাদেশ দ্রুত উন্নত দেশে রূপান্তরিত হবে : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, বাংলাদেশ আজ দুর্বার গতিতে এগিয়ে চলছে। বঙ্গবন্ধুর এ দেশে কোনো কিছুই অপূর্ণ থাকবে না। সময়ের সাথে সাথে সবকিছুই পূরণ হয়ে যাবে। উন্নয়নের এ ধারা অব্যাহত থাকলে বাংলাদেশ দ্রুত উন্নত দেশে রূপান্তরিত হবে। গতকাল (২৪ মার্চ শনিবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্বোপার্জিত স্বাধীনতা চত্বরে বাংলাদেশ ছাত্রলীগ আয়োজিত 'আলোকচিত্রে বঙ্গবন্ধু ও বাংলাদেশ' শীর্ষক এক আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৩), **যুগান্তর** (পৃ.২,ক.২), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৪)।

**৭।	জাতিসংঘ মহাসচিবের সাথে পররাষ্ট্র প্রতিমন্ত্রীর বৈঠক**
**রোহিঙ্গাদের প্রত্যাবর্তনে আরো জোরালো ব্যবস্থা গ্রহণের অনুরোধ পররাষ্ট্র প্রতিমন্ত্রীর**

রোহিঙ্গা সংকট বিষয়ে জোরালো ভূমিকা রাখার জন্য মহাসচিব আন্তোনিও গুতেরেসকে ধন্যবাদ জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার আলম। স্থানীয় সময় গত ২৩ মার্চ শুক্রবার নিউইয়র্কে জাতিসংঘ সদরদপ্তরে জাতিসংঘের মহাসচিবের সঙ্গে বৈঠককালে এ ধন্যবাদ জানান পররাষ্ট্র প্রতিমন্ত্রী। বৈঠকে জাতিসংঘ মহাসচিবের মিয়ানমারবিষয়ক বিশেষ দূত নিয়োগের প্রক্রিয়াটি ত্বরান্বিত করার জন্য অনুরোধ জানান তিনি। প্রতিমন্ত্রী রোহিঙ্গাদের স্বেচ্ছায়, নিরাপত্তা ও মর্যাদার সঙ্গে নিজ বাসভূমিতে প্রত্যাবর্তন নিশ্চিত করতে জাতিসংঘের আরও জোরালো ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে মহাসচিবকে বাংলাদেশ সফরের পুনঃআমন্ত্রণ জানান। জাতিসংঘ মহাসচিব রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশের সঙ্গে একাত্মতা পোষণ করেন এবং রোহিঙ্গাদের আশ্রয় ও মানবিক সহায়তা প্রদানের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রশংসা করেন। রোহিঙ্গা সংকট সমাধানে তিনি নিরন্তর প্রচেষ্টা চালিয়ে যাবেন মর্মে প্রতিমন্ত্রীকে আশ্বাস দেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৪,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৫)। **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.১)।

**৮।	স্বাধীনতা দিবসে বঙ্গভবন ও বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে অনুষ্ঠান উপলক্ষে**
**রাজধানীর কয়েকটি সড়ক বন্ধ থাকবে : ডিএমপি**

আগামীকাল ২৬ মার্চ সোমবার স্বাধীনতা দিবস ও জাতীয় দিবসে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে শিশু-কিশোর সমাবেশ ও বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে বিশিষ্টজনদের সাক্ষাৎ উপলক্ষে রাজধানীর বেশ কয়েকটি সড়ক বন্ধ থাকবে। সমাবেশে অংশগ্রহণকারী ও বঙ্গভবনে আসা অতিথিদের চলাচল স্বাভাবিক রাখার জন্য এ নির্দেশনা দেওয়া হয়েছে। গতকাল (২৪ মার্চ শনিবার) ডিএমপি কমিশনার আছাদুজ্জামান মিয়া স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। সংবাদ বিজ্ঞপ্তিতে আগামীকাল (২৬ মার্চ সোমবার) সকাল ৬টা থেকে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম ও বঙ্গভবনে অনুষ্ঠান শেষ না হওয়া পর্যন্ত এ নির্দেশনা মেনে চলার জন্য সংশ্লিষ্ট সবাইকে অনুরোধ করা হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.১)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক : '**জনগণের দোরগোড়ায় সেবা' স্লোগানকে সামনে রেখে প্রায় এক দশক আগে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের যে অগ্রযাত্রা শুরু হয়েছিলো, তথ্যপ্রযুক্তির বিভিন্ন খাতে সম্মানজনক একগুচ্ছ আন্তর্জাতিক পুরস্কার তারই সার্থকতা প্রমাণ করে বলে মতপ্রকাশ।

খ. **সংবাদ, জনকণ্ঠ, ভোরের কাগজ, যুগান্তর, বণিক বার্তা, ডেইলি স্টার** : '৭১ এর ২৫ মার্চ গণহত্যা দিবসের নৃশংসতার ইতিহাস তুলে ধরে সেদিন যাঁরা আত্মাহুতি দিয়েছিলেন, তাঁদের আত্মত্যাগের কথা শ্রদ্ধার সঙ্গে স্মরণ করে যুদ্ধাপরাধীদের পূর্ণ বিচারের মাধ্যমে জাতি দায়মুক্ত হবে বলে মন্তব্য।

গ. **জনকণ্ঠ :** বাংলাদেশের উন্নয়নশীল দেশের কাতারে প্রবেশের জন্য তিনটি শর্ত পূরণ আমাদের জন্য গৌরবের উল্লেখ করে এর বাস্তবায়নের পথে চ্যালেঞ্জগুলো মোকাবিলায় শ্রম, নিষ্ঠা আর আন্তরিকতার কোনো বিকল্প নেই বলে অভিমত প্রকাশ।

ঘ. **ইন্ডিপেনডেন্ট :** অনেক ক্ষমতাশীল সাজাপ্রাপ্ত আসামী কারাচিকিৎসকের ব্যবস্থাপত্র নিয়ে জেলের বদলে হাসপাতালে বছরের পর বছর আরামে দিনযাপন করছেন উল্লেখ করে এ অবস্থা থেকে পরিত্রাণ পেতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে বিষয়টি গুরুত্বের সঙ্গে পর্যবেক্ষণের সুপারিশ।

ঙ. **ডেইলি স্টার :** নারায়ণগঞ্জের আড়াইহাজার এলাকায় ভারপ্রাপ্ত সাবরেজিস্ট্রার কর্তৃক সম্প্রতি ঘুষ গ্রহণের একটি ভিডিও অনলাইনে ব্যাপক প্রচারের খবর তুলে ধরে এ খাতে চলমান দুর্নীতিতে উদ্বেগ প্রকাশ করে এসব ঘুষ-দুর্নীতি প্রতিরোধে সরকারকে ডিজিটালাইজেশনের পরামর্শ প্রদান।

চ. **অবজারভার** : বর্ষা মৌসুমে জলাবদ্ধতা নিরসনে রাজধানীর ৫৮টি খাল এবং তীরসংলগ্ন এলাকা থেকে দখলদার উচ্ছেদে যেকোনো একক কর্তৃপক্ষকে দায়িত্ব প্রদানের পরামর্শ দিয়ে দখলদারিত্ব নির্মূলে রাজনৈতিক সদিচ্ছা বজায় রাখার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত **যথাযোগ্য মর্যাদায় 'গণহত্যা দিবস'** শীর্ষক কলামে ২৫ মার্চ গণহত্যা দিবস নিয়ে পাকিস্তানের মিথ্যাচারকে নাকচ করে দিয়ে দিবসটির স্বপক্ষে নানা তথ্য উপাত্ত তুলে ধরে এর আন্তর্জাতিক স্বীকৃতি আদায়ের প্রত্যাশা ব্যক্ত করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**সমকাল** পত্রিকায় প্রকাশিত **'আলু চাষিদের উদ্বেগ যেভাবে দূর হতে পারে'** শিরোনামের নিবন্ধে পর্যাপ্ত মজুদ সক্ষমতা না থাকায় প্রতি বছর বিপুল পরিমাণ আলু নষ্ট হচ্ছে এবং কৃষকরা ন্যায্যমূল্য থেকে বঞ্চিত হচ্ছেন উল্লেখ করে হিমাগার নির্মাণ, আলুর জাত উন্নয়ন এবং চাষাবাদ পদ্ধতির পরিবর্তন আনয়ন করে আলুকে রপ্তানিযোগ্য করে তুলতে এর প্রক্রিয়াজাতকরণকে গতিশীল করার পরামর্শ প্রদান করা হয়েছে।

#

ফাহিমা/শুকলা/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা